



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম

কলেজ শাখা

স্মারক নম্বর: চশিবো/ক-শা/ বিষয়-বিভাগ/৪৭৫/১৮ (অংশ-১)/২৭৩৬(৩)

তারিখ: ১৫/১২/২০২৫খ্রি:

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে গ্রুপ পরিবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্রবোর্ডের আওতাধীন কলেজ, স্কুল এন্ড কলেজ সমূহের অধ্যক্ষ / ভারপ্রাপ্ত অধ্যক্ষ / প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকল শিক্ষার্থী ও অভিভাবকদের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থী গ্রুপ পরিবর্তনের জন্য আবেদন করতে আগ্রহী তাদেরকে আসন শূন্য ও নির্ধারিত জিপিএ থাকা সাপেক্ষে নিম্নোক্ত “ছক” মোতাবেক তথ্যাদি পূরণপূর্বক সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষ বরাবর আবেদন করতে হবে। কলেজ কর্তৃপক্ষ সকল আবেদন যাচাই-বাছাইপূর্বক পঠিত (বর্তমান) গ্রুপ ও বিষয় এবং চাহিত (পরিবর্তিত) গ্রুপ ও বিষয় (অনুমোদিত) উল্লেখ করে নিম্নোক্ত ছক মোতাবেক বিবরণী, অধ্যক্ষের অগ্রায়ন ও ফি প্রদানের রশিদসহ আগামী ২২/০১/২০২৬ খ্রি: তারিখের মধ্যে বোর্ডের কলেজ শাখায় জমা দেয়ার জন্য অনুরোধ করা হল।

আবেদন শিক্ষা বোর্ডে জমাদানের ক্ষেত্রে eSIF ও এসএসসি পাসের ট্রান্সক্রিপ্ট এর ফটোকপিসহ (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) নির্ধারিত ফি বাবদ প্রতি ছাত্র ৬০০/- (ছয়শত) টাকা হারে সোনালী ব্যাংক বুথ এ (শিক্ষাবোর্ড ভবনের নীচ তলায়) জমা দিয়ে সংশ্লিষ্ট শাখার রশিদ যুক্ত করতে হবে। বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক বা ব্যবসায় শিক্ষা গ্রুপে ভর্তি হওয়ার পর শুধুমাত্র ব্যবসায় শিক্ষা বা মানবিক গ্রুপে পরিবর্তন করতে পারবে। অনলাইন ভর্তি নীতিমালা-২০২৫ এর ৫.১১-এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী অন্যান্য গ্রুপ থেকে বিজ্ঞান গ্রুপে গ্রুপ পরিবর্তনের কোনো সুযোগ নেই। বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী অন্য গ্রুপে ভর্তি হওয়ার পর পরবর্তীতে ভর্তিকৃত কলেজে বিজ্ঞান গ্রুপে প্রত্যাবর্তনের কোন সুযোগ নেই।

গ্রুপ পরিবর্তনের জন্য আবেদনকারী শিক্ষার্থীদের বিবরণ:

ক্রম	কলেজের নাম ও EIIN	ছাত্র/ছাত্রীর নাম ও পিতার নাম	পাশের সন, এসএসসি রোল ও রেজি: নম্বর	ভর্তির ধরণ		পঠিত গ্রুপ ও বিষয় কোড ইংরেজিতে লিখতে হবে	চাহিত গ্রুপ ও বিষয় কোড ইংরেজিতে লিখতে হবে
				অনলাইন	ম্যানুয়েল		

অনুসরণীয় শর্তঃ

- ** গ্রুপ পরিবর্তনের ক্ষেত্রে অবশ্যই ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে “ভর্তি নীতিমালা-২০২৫” ও NCTB কর্তৃক প্রণীত বিষয় কার্টামো কঠোরভাবে অনুসরণ করতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।
- ** পরিবর্তনের জন্য প্রস্তাবিত গ্রুপে ভর্তির সময় চাহিত ন্যূনতম জিপিএ থাকতে হবে।
- ** গ্রুপ পরিবর্তনের সফটকপি ই-মেইলে প্রেরণ করতে হবে (mdjahangirbisectg73@gmail.com)।
- ** গ্রুপ পরিবর্তনের জন্য আসন শূন্য থাকতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


১৫/১২/২৫
(প্রফেসর ড. মোহাম্মদ ছরওয়ার আলম)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড